# AKASHVANI(AIR)

## RNU:KOLKATA

## BengaliText Bulletin

**Date 11-01-2026 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) নির্বাচন কমিশন এরাজ্যের এস আই আর-এ চা ও সিঙ্কোনা বাগিচার শ্রমিক কর্মীদের কাজের রেকর্ডকে বাসস্থান ও পরিচয়জ্ঞাপক বৈধ নথি হিসেবে মান্যতা দিয়েছে।

কমিশনের এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়ে বিজেপি বলেছে, তাদের দাবি মেনেই এটা করা হয়েছে ।

২) মুখ্যমন্ত্রী বিরোধী দলনেতার ওপর পরিকল্পিতভাবে আক্রমণ করিয়েছে বলে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার অভিযোগ করেছেন।

৩) গঙ্গাসাগর মেলায় আজ থেকে নানা ধর্মীয় ও আধ্যাত্মিক অনুষ্ঠানের পাশাপাশি তিনদিনব্যাপী বর্ণাঢ্য সাগর আরতিও শুরু হয়েছে।

৪) বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বেশি থাকায় উপকূলীয় জেলাগুলিতে সর্বনিম্ন তাপমাত্রা আজ কিছুটা বাড়লেও আগামীকাল থেকে পারদ আবার নামবে বলে আবহাওয়া দফতর জানিয়েছে।

৫) আগামীকাল স্বামী বিবেকানন্দের জন্মজয়ন্তী জাতীয় যুব দিবস হিসেবে উদযাপন করা হবে। রাজ্যস্তরে এই উপলক্ষে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

oooooooooooooooooooooo

পশ্চিমবঙ্গে ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন,SIR,এ বাসস্থান এবং পরিচয় জ্ঞাপক বৈধ নথি হিসাবে চা বাগান এবং সিঙ্কোনা বাগানের শ্রমিক কর্মচারীদের কর্ম সংক্রান্ত রেকর্ড বা নথি কে মান্যতা দিল নির্বাচন কমিশন। বিজেপির পক্ষ থেকে উত্তরবঙ্গের জেলাগুলির চা ও সিঙ্কোনা বাগানে কর্মরতদের ঐ নথি কে এক্ষেত্রে মান্যতা দেওয়ার জন্য নির্বাচন কমিশনের কাছে আবেদন জানানো হয়েছিল, তাতে স্বীকৃতি দিয়ে কমিশনের এই সিদ্ধান্ত।

উত্তরবঙ্গের জেলাগুলির যে সব কঠোর পরিশ্রমী আদিবাসী সম্প্রদায়ের মানুষজন বনবাসী এবং বাগান কর্মীরা সুদীর্ঘ সময় রাজ্য সরকারের উদাসীনতায় তাদের গণতান্ত্রিক অধিকার থেকে বঞ্চিত হচ্ছিলেন এই ঐতিহাসিক সিদ্ধান্তে তারা উপকৃত হবেন।

বিজেপির পক্ষ থেকে এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়ে বলা হয়েছে, এটি কেবল একটি প্রশাসনিক সিদ্ধান্ত নয়, এ হল হাজার হাজার বঞ্চিত মানুষের ভোটাধিকার ও মর্যাদা ফিরিয়ে দেওয়া। দলের জাতীয় আহ্বায়ক এবং তথ্য ও প্রযুক্তি দপ্তরের দায়িত্ব প্রাপ্ত অমিত ম্‌লব্য সংশ্লিষ্ট এলাকার বৈধ ভোটারদের তাঁদের বাগিচা শ্রমিক হিসেবে নিজেদের কর্ম সংক্রান্ত নথি ব্যবহার করে ভোটার তালিকায় নাম নথিভুক্ত করার জন্য এগিয়ে আসতে আহ্বান জানিয়েছেন।

oooooooooooooooooooooo

বিজেপি নির্বাচন কমিশনের এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এক্স হ্যান্ডেলে এই সিদ্ধান্তকে তাঁদের জয় বলে দাবি করে বলেছেন, তাদের আবেদন অনুমোদন করেই নির্বাচন কমিশন এরাজ্যের এস আই আর-এ চা বাগান এবং সিনকোনা বাগানের কর্মসংস্থানের রেকর্ডকে স্বীকৃতি দিয়ে সেগুলোকে পরিচয় এবং বাসস্থানের বৈধ প্রমাণপত্র হিসাবে গ্রহণ করার সিদ্ধান্ত নিয়েছে। বিরোধী দলনেতা এই সুযোগের সদ্ব্যবহার এবং কর্মসংস্থানের রেকর্ড ব্যবহার করে ভোটার তালিকায় নাম নথিভুক্ত করতে এই অঞ্চলের সব যোগ্য ভোটারের কাছে আবেদন জানিয়েছেন।

oooooooooooooooooooooo

বিধানসভায় বিরোধী দলের মুখ্য সচেতক ও শিলিগুড়ির বিধায়ক শঙ্কর ঘোষ, নির্বাচন কমিশনের এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছেন।

(বাইট - শঙ্কর ঘোষ)

oooooooooooooooooooooo

রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী উদ্দেশ্যপ্রণোদিতভাবে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর ওপর আক্রমণ করিয়েছেন বলে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার অভিযোগ করেছেন। জলপাইগুড়ি জেলার ময়নাগুড়িতে সংকল্প যোগ দিতে তিনি বাগডোগরা বিমানবন্দরে পৌঁছে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে ত বলেন, মুখ্যমন্ত্রী ভোটের আগে এমন পরিস্থিতি তৈরি করতে চাইছেন যাতে কেন্দ্রীয় সরকার এক্ষেত্রে হস্তক্ষেপ করে। এরপর বিষয়টি নিয়ে ইস্যু তৈরি করে মুখ্যমন্ত্রী মানুষের সহানুভূতি আদায়ের চেষ্টা করবেন এবং ভোটের বৈতরণী পার হবেন।

অন্যদিকে, তার কনভয়ে আক্রমণের প্রতিবাদে বিরোধী দলনেতা মঙ্গলবার 'চন্দ্রকোনা চলো'র ডাক দিয়েছেন। ইতিমধ্যেই এই ঘটনার প্রতিবাদে মেদিনীপুর সহ রাজ্যের বিভিন্ন প্রান্তে বিজেপি কর্মীরা বিক্ষোভ দেখিয়েছেন। এই ঘটনার প্রতিবাদে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর নেতৃত্বে বিজেপির পক্ষ থেকে আজ দুপুরে যাদবপুর এইটবি বাস স্ট্যান্ড থেকে দেশপ্রিয় পার্ক পর্যন্ত এক প্রতিবাদ মিছিল হয়।
কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর গাড়িতে আক্রমণের ঘটনায় রিপোর্ট চেয়েছে।

oooooooooooooooooooo

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেছেন, ভবানীপুরে মমতা ব্যানার্জীকে পরাজিত করতে তিনি বদ্ধ পরিকর। ইডি-র বিরুদ্ধে মুখ্যমন্ত্রীর মিছিলকে কৃত্রিম বলে দাবি করে শ্রী অধিকারী বলেন, কয়লা-বালি-চাকরি নিয়ে দুর্নীতির পর মুখ্যমন্ত্রী এখন

সরাসরি ফাইল ছিনিয়ে নিচ্ছেন। দেশপ্রিয় পার্কে প্রতিবাদ মিছিলের পর এক জনসভায় তিনি একথা বলেন।

(বাইট – শুভেন্দু)

০০০০০০০০০০০০০০০০০০০

দক্ষিণ ২৪ পরগনার ভাঙড়ে স্নান পুকুর গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত চিনিপুকুর গ্রামে রাস্তা উদ্বোধনকে কেন্দ্র করে দুই রাজনৈতিক দলের সংঘর্ষে আজ উত্তেজনা ছড়ায়। আই এস এফ এবং তৃণমূল কংগ্রেস কর্মী সমর্থকদের মধ্যে ওই সংঘর্ষের ঘটনায় দু-পক্ষের একাধাকি কর্মী আহত হন। আহতরা হাসপাতালে চিকিৎসাধীন। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে উত্তর কাশীপুর থানার বিশাল পুলিশ বাহিনী ঘটনাস্থলে যায়। এলাকায় পুলিশ পিকেটিং চলছে। তৃণমূল কংগ্রেসের অভিযোগ, চিনিপুকুর গ্রামে একটি রাস্তা উদ্বোধনের অনুষ্ঠান চলাকালীন আই এস এফ কর্মীরা তাদের ওপর হামলা চালায়।

অন্যদিকে, আই এস এফ-এর পাল্টা দাবি, রক্তদান শিবির উপলক্ষে তাদের কর্মীরা জমায়েত হচ্ছিলেন, তখনই তৃণমূল কংগ্রেস কর্মীরাই তাদের ওপর আক্রমণ চালায়।

০০০০০০০০০০০০০০০০০০০০০

তীব্র শীতের প্রকোপ উপেক্ষা করেই ভোর থেকে গঙ্গাসাগর মেলায় শুরু হয়েছে নানা ধর্মীয় ও আধ্যাত্মিক অনুষ্ঠান। সাগরতট এলাকায় আয়োজিত সাগর-প্রবচনে ধর্মীয় গুরুরা মানবজীবনে ধর্ম, নৈতিকতা ও সম্প্রীতির মূল বার্তা তুলে ধরছেন। ভোরের কুয়াশা আর কনকনে ঠান্ডার মধ্যেও সেই প্রবচন শুনতে ভিড় জমাচ্ছেন অসংখ্য ভক্ত। প্রতি বছরের মতো এ বছরও মকর সংক্রান্তি উপলক্ষে গঙ্গাসাগর মেলায় ইসকন গঙ্গাসাগর শাখার উদ্যোগে তীর্থযাত্রীদের জন্য বিশেষ প্রসাদ বিতরণ শিবিরের আয়োজন করা হয়েছে। দেশ-বিদেশের ভক্তদের অংশগ্রহণে গঙ্গাসাগর মেলা আধ্যাত্মিক ও সাংস্কৃতিক মিলনতীর্থে পরিণত হয়েছে।

গতকাল আনুষ্ঠানিকভাবে মেলার উদ্বোধনের মধ্য দিয়ে মকর সংক্রান্তির মাহেন্দ্রক্ষণের কাউন্টডাউন শুরু হয়ে গিয়েছে। তারই সঙ্গে প্রতিদিন বাড়ছে পুণ্যার্থীদের ভিড়। ইতিমধ্যেই হাজার হাজার পুণ্যার্থী সাগরমেলায় এসে পৌঁছেছেন। আজ রবিবার হওয়ায় সারাদিন ধরে আরও বেশি সংখ্যক পুণ্যার্থীর আগমন ঘটেছে। পুণ্যার্থীদের নিরাপত্তা ও সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য আঁটোসাটো নিরাপত্তা বলয়ে মুড়ে ফেলা হয়েছে গোটা সাগরমেলা এলাকা। আজ সন্ধ্যায় শুরু হয়েছে রঙিন ও বর্ণাঢ্য সাগর-আরতি, যা টানা তিন দিন চলবে। সব মিলিয়ে পুণ্যভূমি গঙ্গাসাগর এখন মানুষের মিলন ও বিশ্বাসের এক মহান তীর্থক্ষেত্রে পরিণত হয়েছে।

oooooooooooooooooooooo

সারা রাজ্যে শীতের আমেজ থাকলেও বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বেশি থাকার কারণে দক্ষিণ বঙ্গের উপকূলীয় জেলা গুলিতে আজ সর্বনিম্ন তাপমাত্রা গত কয়েকদিনের থেকে কিছুটা বেড়েছে। কলকাতায় আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৫ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে ১ দশমিক দুই ডিগ্রি বেশি।

আলিপুরে আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৩ দশমিক ৯ ডিগ্রী সেলসিয়াস। তবে আগামীকাল থেকে তাপমাত্রা আবারও কিছুটা কমবে বলে জানিয়েছেন আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ডঃ সৌরিশ বন্দ্যোপাধ্যায়।

এছাড়াও দীঘা, ডায়মন্ড হারবার, ক্যানিং, হলদিয়া এই সব এলাকার ন্যূনতম তাপমাত্রাও বেশ কিছুটা বেড়েছে।

(বাইট – সৌরিশ)

এদিকে দক্ষিণবঙ্গে আজ সব থেকে কম সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে, মুর্শিদাবাদ এর বহরমপুরে ৯.২ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের চেয়ে দুই দশমিক দুই ডিগ্রি কম।

অন্যদিকে উত্তরবঙ্গের সমতলে জলপাইগুড়িতে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৮.২ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে প্রায় দুই ডিগ্রি কম। দার্জিলিং পাহাড়ি এলাকায় আজ তাপমাত্রা রেকর্ড করা হয় ১.৮ ডিগ্রি সেলসিয়াস। সকালের দিকে দার্জিলিং ও কোচবিহার জেলায় হালকা থেকে মাঝারি কুয়াশা ছিল।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আগামীকাল স্বামী বিবেকানন্দের ১৬৩ তম জন্মবার্ষিকী দেশজুড়ে জাতীয় যুব দিবস হিসেবে উদযাপিত হবে।

রাজ্যস্তরে দিনটি বিবেক চেতনা উৎসব হিসেবে উদযাপন করা হবে। উত্তর কলকাতার শিমলা স্ট্রীটে স্বামীজীর জন্মভিটেতে নানা ধর্মীয় আচার অনুষ্ঠানের মধ্য দিয়ে স্বামীজী জন্মদিবস পালিত হবে।

বিজেপি যুব মোর্চা আগামীকাল বিবেক যাত্রা কর্মসূচী পালন করবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

মুর্শিদাবাদের বহরমপুরে গোরাবাজার শ্মশানঘাটে তুচ্ছ বিবাদ থেকে মর্মান্তিক মৃত্যু। পুলিশ সূত্রে জানা গেছে, মৃত যুবকের নাম জয়ন্ত ঘোষ (৩০)।বাড়ি ডোমকল থানার অন্তর্গত ডোমকলের পারদিয়াড় গ্রামে। পরিবার সূত্রে জানা গেছে, জয়ন্ত ঘোষ তাঁর এক আত্মীয়ের শেষকৃত্য সম্পন্ন করতে শ্মশানঘাটে এসেছিলেন। সেই সময় শ্মশানঘাটে উপস্থিত অন্য এক মৃতদেহের পরিবারের লোকজনের সঙ্গে কোনও একটি বিষয় নিয়ে বচসা শুরু হয়। মুহূর্তের মধ্যেই সেই বচসা বিবাদে রূপ নেয়।অভিযোগ, বিবাদের মধ্যেই অপর পক্ষের এক ব্যক্তি আচমকা বাঁশ দিয়ে জয়ন্ত ঘোষের মাথায় আঘাত করে। গুরুতর আহত অবস্থায় তাঁকে দ্রুত মুর্শিদাবাদ মেডিক্যাল কলেজ ও হাসপাতালে নিয়ে যাওয়া হয়। তবে চিকিৎসকরা তাঁকে মৃত ঘোষণা করেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ভ্রমণপ্রেমীদের জন্য সুখবর, ফের চালু হল দার্জিলিং হিমালয়ান রেলওয়ের জঙ্গল সাফারি।

দীর্ঘদিন বন্ধ থাকার পর ফের চালু হল টয়ট্রেনের জনপ্রিয় জঙ্গল সাফারি।শিলিগুড়ি জংশন থেকে সকাল ১০টায় টয়ট্রেন যাত্রা শুরু করবে।

সুকনা,রংটং, পাগলাঝোরা ও তিনধারিয়া হয়ে পাহাড়ি প্রাকৃতিক সৌন্দর্য ও চা বাগানের মনোরম দৃশ্য উপভোগ করতে পারবেন যাত্রীরা।মাথাপিছু ভাড়া নির্ধারণ করা হয়েছে ২,২০০ টাকা।রবিবার জঙ্গল সাফারির প্রথম যাত্রার আনুষ্ঠানিক সূচনা করেন ডি এইচ আর এর আধিকারিকরা।প্রথম দিনেই সফর করেন ২৬জন করেন।্ আপাতত সাত বছরের চুক্তিতে প্রতি শনি ও রবিবার এবং সরকারি ছুটির দিনেও এই জঙ্গল সাফারি পরিষেবা চালু থাকবে।

oooooooooooooooooooooo

ooooooooooooooooooooooo